



# বাংলাদেশ গেজেট

## কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১৯, ২০১৫

### সূচিপত্র

#### পৃষ্ঠা নং

১ম	খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দণ্ডরসমূহ এবং বাংলাদেশ সুপ্রিমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবন্দি প্রজ্ঞাপনসমূহ।	১৪৫—১৫৩	৭ম	খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবন্দি ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।	নাই
২য়	খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রিমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।	৮ম	খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত প্রজ্ঞাপন ও নোটিশসমূহ।	নাই	
৩য়	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	২৫৩—২৭৩	ক্রোড়পত্র—সংখ্যা	(১) . . . . . সনের জন্য উৎপাদনমূল্য শিল্পসমূহের শুমারী।	নাই
৪র্থ	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।	নাই	(২) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই	
৫ম	খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাস্ট, বিল ইত্যাদি।	২৫—২৯	(৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।	নাই	
৬ষ্ঠ	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রিমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দণ্ডরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	নাই	(৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।	নাই	
৭ম	খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাস্ট, বিল ইত্যাদি।	২৫৯—২৮৬	(৫) . . . . . তারিখে সমাপ্ত সঙ্গাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বস্তন, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাংগ্রাহিক পরিসংখ্যান।	নাই	
৮ম	খণ্ড—জনপ্রশাসন মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দণ্ডরসমূহ এবং বাংলাদেশ সুপ্রিমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবন্দি প্রজ্ঞাপনসমূহ।		(৬) . . . . . ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।	নাই	

### ১ম খণ্ড

#### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দণ্ডরসমূহ এবং বাংলাদেশ সুপ্রিমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবন্দি প্রজ্ঞাপনসমূহ

#### জনপ্রশাসন মন্ত্রণালয়

#### সিপি-২ শাখা

#### প্রজ্ঞাপন

তারিখ, ১৫ মাঘ ১৪২১/২৮ জানুয়ারি ২০১৫

নং ০৫.১৯৬.০২৩.০০.০০.০১৩.২০১০-১৩—জনপ্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারিদের সৃজনশীল কার্যক্রম উৎসাহিত করার মাধ্যমে কর্মস্পূর্হ বৃদ্ধি ও সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন অধিকরণ গতিশীল করার লক্ষ্যে ‘জনপ্রশাসন পদক নীতিমালা-২০১৫’ প্রণয়ন করা হলো।

২। জনস্বার্থে এই আদেশ জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আরিফুল হক  
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

( ১৪৫ )

### জনপ্রশাসন পদক নীতিমালা

জনপ্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারিদের সৃজনশীল কার্যক্রম উৎসাহিত করার মাধ্যমে কর্মসূহা বৃদ্ধি ও সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন অধিকতর গতিশীল করার লক্ষ্যে জনপ্রশাসন পদক নীতিমালা প্রণয়ন করা হলো।

#### ১. পুরস্কারের নাম :

পুরস্কারের নাম হবে জনপ্রশাসন পদক (Puplic Administration Award)।

#### ২. পুরস্কারের শ্রেণি :

জনসেবায় নিম্নলিখিত তিনি শ্রেণিতে এ পুরস্কার বিবেচনা করা হবে :

১. ব্যক্তিগত : একক উদ্যোগে জনকল্যাণকর কাজে কোন উল্লেখযোগ্য অর্জন;
২. দলগত : পদমর্যাদা নির্বিশেষে একাধিক কর্মকর্তা-কর্মচারির সমন্বিত ও দলীয় প্রচেষ্টায় জনকল্যাণমূলক কোন গুরুত্বপূর্ণ অর্জন; এবং
৩. প্রাতিষ্ঠানিক : জনপ্রশাসনের কোন সংস্থা, ব্যৱো, দপ্তর, পরিদপ্তর, অধিদপ্তর, প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা-কর্মচারি কর্তৃক জনকল্যাণমূলক কোন গুরুত্বপূর্ণ অর্জন।

#### ৩. উদ্দেশ্য :

১. ব্যক্তি, দল এবং প্রতিষ্ঠান পর্যায়ে দক্ষতা ও সৃজনশীলতাকে উৎসাহিত করার মাধ্যমে জনমুখী প্রশাসন গড়ে তোলা;
২. সুবিধাভোগীদের চাহিদারভিত্তিতে সৃজনশীলতা ও অভিযোজন (Adaptability) মূল্যায়ন করা;
৩. জনসেবা প্রদান পদ্ধতিতে প্রত্যাশিত পরিবর্তনের মাধ্যমে আঙ্গুশীল জনকল্যাণমূলক প্রতিষ্ঠান গড়ে তোলা।

#### ৪. পুরস্কারের ক্ষেত্র :

সুপারিশকৃত মনোনয়ন নিম্নলিখিত যে কোন ক্ষেত্রের অন্তর্ভুক্ত হতে হবেঃ

#### ক. সাধারণ :

১. সাধারণ প্রশাসন ও ব্যবস্থাপনা;
২. পরিবেশ ও আর্থ-সামাজিক উন্নয়ন;
৩. সংস্কার ও গবেষণা (সামাজিক)।

#### খ. কারিগরি :

১. বিজ্ঞান এবং অর্থ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি;
২. গবেষণা (বিজ্ঞানভিত্তিক)।

#### ৫. অবদানের প্রকৃতি :

অবদানের প্রকৃতি নিম্নলিখিত যে কোন বিষয় সংশ্লিষ্ট হতে হবে :

- সংস্কার
- উন্নত অনুশীলন প্রদর্শন
- দলগত উদ্যোগ উৎসাহিতকরণ
- উন্নততর সেবা
- অনল্য ধারণা অথবা বৈশিষ্ট্যমণ্ডিত নতুন প্রস্তাব প্রণয়ন
- সুশাসন
- তথ্যপ্রযুক্তির প্রসার/ই-গভর্নেন্স প্রতিষ্ঠা
- নাগরিকের অংশগ্রহণ, সম্প্রসূতি ও ভূমিকা বৃদ্ধি
- স্থানীয় সংস্কৃতি ও সামাজিক প্রতিভাব উন্নয়ন
- স্থায়ী প্রকৃতির উৎপাদনশীল সম্পদ সৃষ্টি
- টেকসই সরকারি-বেসরকারি অংশীদারিত্ব উন্নয়ন
- দক্ষতা বৃদ্ধি
- দুর্নীতিহাস
- দারিদ্র্য বিমোচন
- প্রাতিষ্ঠানিক উন্নয়ন
- সরকারি কর্মপদ্ধতির ক্ষেত্রে পুনঃকৌশল নির্ধারণ
- প্রযুক্তিগত পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে উৎকর্ষ সাধন
- এবং
- নারী উন্নয়নে অবদান।

## ৬. পুরস্কারের প্রকৃতি ও পরিধি :

### ক. প্রকৃতি :

#### ১. জাতীয় পর্যায় :

(১) সাধারণ ও কারিগরি ২টি ক্ষেত্রে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান-এ ৩ শ্রেণিতে ১টি করে মোট ৬টি পুরস্কার প্রদান করা হবে।

(২) পুরস্কার হিসেবে পদক (১৮ ক্যারেট মানের ১.০ ভরি ওজনের স্বর্ণ পদক), সম্মাননাপত্র (সার্টিফিকেট) এবং নগদ অর্থ প্রদান করা হবে। ব্যক্তিগত অবদানের ক্ষেত্রে স্বর্ণপদক, সম্মাননাপত্র এবং জনপ্রতি সর্বোচ্চ এক লক্ষ টাকা প্রদান করা হবে। দলগত অবদানের ক্ষেত্রে স্বর্ণপদক, সম্মাননাপত্র এবং নগদ পুরস্কার সর্বোচ্চ ৫(পাঁচ) লক্ষ টাকা প্রদান করা হবে। দলের সদস্য সংখ্যার উপর ভিত্তি করে এবং সদস্য প্রতি ১ লক্ষ টাকা ধরে দলগত পুরস্কারের মোট অর্থের পরিমাণ নির্ধারিত হবে। তবে এই পরিমাণ কোনভাবেই ৫ লক্ষ টাকার অধিক হবে না। যদি দলের সদস্য সংখ্যা ৫-এর অধিক হয়, সেক্ষেত্রে ৫ লক্ষ টাকা সমভাবে সদস্যদের মধ্যে বণ্টিত হবে। প্রতিষ্ঠানের ক্ষেত্রে শুধু পদক ও সম্মাননাপত্র প্রদান করা হবে। সরকার নির্বাহী আদেশের মাধ্যমে পুরস্কারের অর্থের পরিমাণ হাস-বৃন্দি করতে পারবে।

#### ২. জেলা পর্যায় :

জেলা পর্যায়ে সাধারণ ও কারিগরি ২টি ক্ষেত্রে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান-এ তিনি শ্রেণিতে ১টি করে মোট ছয়টি পুরস্কার প্রদান করা হবে। জাতীয় পর্যায়ে পদকপ্রাপ্তরা ব্যতীত জেলা পর্যায়ে মনোনীতদের মধ্যে হতে এ পুরস্কার প্রদান করা হবে। ব্যক্তিগত অবদানের ক্ষেত্রে নগদ ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা ও সম্মাননাপত্র প্রদান করা হবে। দলগত অবদানের জন্য নগদ পুরস্কার সর্বোচ্চ এক লক্ষ টাকা ও সম্মাননাপত্র প্রদান করা হবে। দলের সদস্য সংখ্যার উপর ভিত্তি করে এবং সদস্য প্রতি ২০ হাজার টাকা ধরে দলগত পুরস্কারের মোট অর্থের পরিমাণ নির্ধারিত হবে। তবে এই পরিমাণ কোনভাবেই ১ লক্ষ টাকার অধিক হবে না। যদি দলের সদস্য সংখ্যা ৫-এর অধিক হয়, সেক্ষেত্রে ১ লক্ষ টাকা সমভাবে সদস্যদের মধ্যে বণ্টিত হবে। প্রতিষ্ঠানের ক্ষেত্রে শুধু পদক ও সম্মাননাপত্র প্রদান করা হবে। সরকার নির্বাহী আদেশের মাধ্যমে পুরস্কারের অর্থের পরিমাণ হাস-বৃন্দি করতে পারবে।

#### খ. পরিধি :

১. জনপ্রশাসন পদকের জন্য বিবেচনার ক্ষেত্রে ‘জনপ্রশাসন’ বলতে সরকারি কর্মকর্তা/কর্মচারি কর্তৃক বিধি দ্বারা নির্ধারিত প্রকৃত কার্যাদির সমষ্টিকে বুঝাবে।

২. ব্যক্তি ও দলগত শ্রেণির ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/ দপ্তর/সংস্থায় কর্মরতগণ এবং প্রতিষ্ঠান সম্পর্কীয় শ্রেণির ক্ষেত্রে যে কোন সরকারি প্রতিষ্ঠান এ পুরস্কারের আওতাভুক্ত হবে। তবে শর্ত থাকে যে, যেসব সরকারি প্রতিষ্ঠানে সরকার অনুমোদিত নিজস্ব পুরস্কার পদ্ধতি চালু আছে সেসব প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠানে কর্মরতগণ এ পুরস্কারের আওতা বহির্ভূত থাকবেন।

#### ৭. পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয় :

পুরস্কার প্রদান কার্যক্রমের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে বাজেটে বরাদ্দ নির্ধারিত থাকবে। এ বরাদ্দ নিশ্চিত করতে অর্থ বিভাগ প্রয়োজনীয় অনুমোদন প্রদান করবে।

#### ৮. বাস্তবায়ন সময়সূচি :

পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী ক্যালেন্ডার বছরের (জানুয়ারি-ডিসেম্বর) কর্মকাণ্ড বিবেচনায় নেয়া হবে এবং এ প্রক্রিয়া সম্পাদনের সময়সূচি নির্মলুপ হবে :

মনোনয়ন আহ্বান	-	৫ জানুয়ারির মধ্যে
জেলা কমিটি/অধিদপ্তর পর্যায়ের কমিটিতে মনোনয়ন প্রেরণ	-	১৫ ফেব্রুয়ারির মধ্যে
[জেলা পর্যায়ে পদক প্রদানের নিমিত্ত মনোনয়ন চূড়ান্তকরণ-১০ জুনের মধ্যে]		
জেলা/অধিদপ্তর পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ	-	৭ মার্চের মধ্যে
জেলা/অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণ	-	১৫ মার্চের মধ্যে
মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে মনোনয়ন চূড়ান্তকরণ	-	৩১ মার্চের মধ্যে
জাতীয় কমিটির নিকট উপস্থাপনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ	-	৭ এপ্রিলের মধ্যে
জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	-	২৫ এপ্রিলের মধ্যে
জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	-	১০ মে'র মধ্যে
মনোনয়ন প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদন	-	৩০ মে'র মধ্যে
পুরস্কার ঘোষণা	-	২৩ জুন

#### ৯. মনোনয়ন প্রক্রিয়া :

##### ক. প্রাথমিক মনোনয়ন প্রেরণ :

- মনোনয়নের প্রাথমিক প্রস্তাবনা ব্যক্তি, দল এবং প্রতিষ্ঠানের নিয়ন্ত্রকারী মন্ত্রণালয়/বিভাগ এর স্থানীয় দপ্তরে প্রধানের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- যে সকল সরকারি প্রতিষ্ঠানের জেলা/উপজেলা পর্যায়ে স্থায়ী অফিস রয়েছে, সে সকল দপ্তরের জেলা কর্মকর্তা তার দপ্তরের প্রাথমিক মনোনয়ন জেলা বাছাই কমিটিতে প্রেরণ করবেন (প্রতিটি ক্ষেত্রে শ্রেণির বিপরীতে সর্বোচ্চ ১টি করে মনোনয়ন প্রেরণ করা যাবে)।
- যে সকল সরকারি প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের অফিস একাধিক জেলায় বিস্তৃত সে সকল দপ্তরের বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা তার দপ্তরের প্রাথমিক মনোনয়ন অধিদপ্তর/সংস্থা পর্যায়ের বাছাই কমিটিতে প্রেরণ করবেন (প্রতিটি ক্ষেত্রে শ্রেণিভিত্তিক সর্বোচ্চ ১টি করে মনোনয়ন প্রেরণ করা যাবে)।

৮. যে সকল সরকারি প্রতিষ্ঠানের জেলা উপজেলা ও বিভাগীয় পর্যায়ে স্থায়ী অফিস নেই সেসব প্রতিষ্ঠান (ধাৰা-৯(খ)(৩)) প্রাথমিক মনোনয়নের সংক্ষিপ্ত তালিকা সরাসরি স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের বাছাই কমিটির নিকট প্রেরণ করবে (প্রতিটি ক্ষেত্রে শ্রেণিভিত্তিক সর্বোচ্চ ১টি করে মনোনয়ন প্রেরণ করা যাবে)।
৯. মন্ত্রণালয় পর্যায়ের মনোনয়ন প্রেরণের ক্ষেত্রে সরাসরি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের বাছাই কমিটিতে প্রেরণ করতে হবে।
১০. মনোনয়নের সাথে জনবেসার মান উন্নয়নের জন্য অনুসূত সৃষ্টিশীল পদ্ধতি, সময় এবং কী পরিস্থিতিতে কার্যক্রমটি সম্পাদিত হয়েছিল তা উল্লেখ থাকতে হবে। এ ক্ষেত্রে কর্মসম্পাদনে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিদের/ প্রতিষ্ঠানের সংশ্লিষ্টতার সুনির্দিষ্ট বিবরণও থাকতে হবে।
১১. মনোনয়নের স্বপক্ষে কার্যক্রমটি/প্রকল্প/কর্মসূচির পটভূমি, উদ্দেশ্য ও অগ্রাধিকার, বাস্তবায়নের জন্য গৃহীত কৌশল, ব্যবহৃত উদ্ভাবনীমূলক পদ্ধতি, বাস্তবায়নকাল, অসাধারণ অর্জন ও ফলাফল, ইতিবাচক পরিবর্তন ও প্রভাব, টেকসই এবং সর্বোপরি এ প্রক্রিয়ায় মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের/প্রতিষ্ঠানের ভূমিকা এবং সংশ্লিষ্টতা সম্পর্কিত প্রমাণাদি থাকতে হবে।
১২. সকল মনোনয়ন প্রেরণের ক্ষেত্রে অবশ্যই নির্ধারিত ছক ব্যবহার করতে হবে (সংযোজনী-ক)।

**খ. বাছাই :**

মাঠ পর্যায় হতে মনোনয়ন মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রেরণের জন্য নিম্নলিখিত বাছাই কমিটি থাকবে :

**১. জেলা বাছাই কমিটি :**

জেলা প্রশাসক	- সভাপতি
সিভিল সার্জন	- সদস্য
উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	সদস্য
নির্বাহী প্রকৌশলী	- সদস্য
(গণপূর্ত/এল.জি.ই.ডি)	- সদস্য
সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব	- সদস্য
(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	
উপজেলা চেয়ারম্যান	- সদস্য
(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	
পৌরসভা মেয়ার	- সদস্য
(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	
মহিলা শিক্ষাবিদ	- সদস্য
(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান	- সদস্য
(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	
আইসিটি বিশেষজ্ঞ	- সদস্য
(জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) অথবা, কমিটি অন্য কোন যোগ্য ব্যক্তিকে মনোনীত করতে পারে)	
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)	- সদস্য-সচিব

**কর্মপরিধি :**

- ক) জেলা বাছাই কমিটি প্রতি বছর ১৫ মার্চের মধ্যে প্রতিটি শ্রেণি ও ক্ষেত্রের বিপরীতে ১টি করে মোট ৬টি মনোনয়ন বাছাই করে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ের বাছাই কমিটিতে প্রেরণ করবে।
- খ) বাছাই এ ক্ষেত্রে নির্ধারিত মূল্যায়ন ছক ব্যবহার (সংযোজনী-খ এবং গ) করতে হবে।
- গ) প্রয়োজনে কমিটি অনুসন্ধান ও সাক্ষাত্কার ইহণ করতে পারবে।
- ঘ) জাতীয় কমিটি কর্তৃক সুপারিশকৃত মনোনয়ন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হলে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করে জেলা পর্যায়ে সাধারণ ও কারিগরি অধিক্ষেত্রের প্রতি শ্রেণিতে (ব্যক্তি, দল ও প্রতিষ্ঠান) নির্ধারিত মূল্যায়ন পদ্ধতি অনুসরণপূর্বক শ্রেণিভিত্তিক সর্বোচ্চ পুরস্কার (জাতীয় পর্যায়ে পদক প্রাপ্তু ব্যক্তীত) প্রদানের জন্য মনোনয়ন চূড়ান্ত করা।
- ঙ) জেলা বাছাই কমিটি গণপূর্ত বা এল.জি.ই.ডি থেকে একজন নির্বাহী প্রকৌশলীকে কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করবে। এছাড়া, এই কমিটি একজন আইসিটি বিশেষজ্ঞকেও কমিটির সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করবে।

## ২. অধিদপ্তর/সংস্থা পর্যায়ে বাছাই কমিটি :

অধিদপ্তর/সংস্থার প্রধানের সভাপতিত্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের একজন প্রতিনিধিসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ৫ জন কর্মকর্তার সমন্বয়ে নিম্নলিখিত বাছাই কমিটি থাকবে :

অধিদপ্তর/সংস্থার প্রধান	- সভাপতি
সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি	- সদস্য
সদস্য/পরিচালক/অতিরিক্ত পরিচালক পর্যায়ের ৩ জন কর্মকর্তা (তন্মধ্যে শূন্যতম একজন মহিলা)	- সদস্য
অধিদপ্তর/সংস্থার অন্যান্য গুরুত্বপূর্ণ ৩ জন কর্মকর্তা	- সদস্য
অধিদপ্তর/সংস্থার উপসচিব পর্যায়ের একজন কর্মকর্তা	- সদস্য-সচিব

### কর্মপরিধি :

- ক) অধিদপ্তর/সংস্থার নিজ দপ্তরের মনোনয়ন পর্যালোচনা করে সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করবে এবং প্রতি বছর ১৫ মার্চের মধ্যে প্রতিটি শ্রেণি ও ক্ষেত্রের বিপরীতে ১টি করে সর্বোচ্চ ৬টি মনোনয়ন স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ের বাছাই কমিটির নিকট প্রেরণ করবে।
- খ) বাছাই এর ক্ষেত্রে নির্ধারিত মূল্যায়ন হক ব্যবহার (সংযোজনী-খ এবং গ) করতে হবে।
- গ) প্রয়োজনে কমিটি অনুসন্ধান ও সাক্ষাত্কার এহণ করতে পারবে।

## ৩. মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ের বাছাই কমিটি :

প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের সচিব/ভারপাণ্ড সচিব/অতিরিক্ত সচিবের সভাপতিত্বে মন্ত্রণালয় বা বিভাগের আওতাধীন দপ্তরের প্রধানদের সমন্বয়ে নিম্নরূপ একটি বাছাই কমিটি থাকবে :

সচিব/ভারপাণ্ড সচিব/অতিরিক্ত সচিব	- সভাপতি
মন্ত্রণালয়/বিভাগ এর আওতাধীন দপ্তর প্রধানবৃন্দ	- সদস্য
অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব (সভাপতি কর্তৃক মনোনীত)	- সদস্য-সচিব

### কর্মপরিধি :

- ক) মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ সকল দপ্তরের এবং মাঠ পর্যায় হতে প্রাপ্ত মনোনয়ন বাছাই করে প্রতি বছর ৭ এপ্রিলের মধ্যে প্রতিটি শ্রেণি ও ক্ষেত্রের বিপরীতে ১টি করে সর্বোচ্চ ৬টি মনোনয়ন জাতীয় কমিটির নিকট উপস্থাপনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবে।
- খ) কমিটি প্রয়োজনে অনুসন্ধান ও সাক্ষাত্কার এহণ করতে পারবে।
- গ) কমিটি বাছাই-এর স্বপক্ষে কারণ লিপিবদ্ধ করে সকলের স্বাক্ষর সম্বলিত লিখিত প্রতিবেদন সুপারিশসহ প্রেরণ করবে।

## ৪. জাতীয় কমিটি :

চূড়ান্ত মনোনয়নের জন্য মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে ১৫ সদস্যবিশিষ্ট জাতীয় কমিটি থাকবে, যার গঠন নিম্নরূপ :

(ক) মন্ত্রিপরিষদ সচিব	- সভাপতি
(খ) প্রধানমন্ত্রীর মূখ্য সচিব	- সদস্য
(গ) সচিব, অর্থ বিভাগ	- সদস্য
(ঘ) সচিব, শিক্ষা মন্ত্রণালয়	- সদস্য
(ঙ) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	- সদস্য
(চ) সচিব, স্থানীয় সরকার বিভাগ	- সদস্য
(ছ) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	- সদস্য
(জ) সচিব, কৃষি মন্ত্রণালয়	- সদস্য
(ঝ) সচিব, তথ্য মন্ত্রণালয়	- সদস্য
(ঝঃ) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়	- সদস্য
(ঠ) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	- সদস্য
(ঠঃ) ৩ জন বিশিষ্ট ব্যক্তি (সরকার কর্তৃক মনোনীত)	- সদস্য
(ড) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	- সদস্য-সচিব

**কর্মপরিধি :**

জাতীয় কমিটি প্রতি বছর ১০ মে'র মধ্যে সাধারণ ক্ষেত্রের পুরস্কারের জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠান-প্রতিটির বিপরীতে ১টি করে সর্বোচ্চ ৩টি এবং কারিগরি ক্ষেত্রের পুরস্কারের জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠান-প্রতিটির বিপরীতে ১টি করে সর্বোচ্চ ৩টিসহ মোট ৬টি নাম সুপারিশ করবে।

**১০. অনুমোদন :**

জনপ্রশাসন মন্ত্রণালয় প্রতিটি মন্ত্রণালয় থেকে প্রাপ্ত প্রস্তাবসমূহ বিবেচনার জন্য জাতীয় কমিটিতে উপস্থাপন করবে। অতঃপর জাতীয় কমিটির সুপারিশমতে ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানের নাম নির্ধারিত সময়ে অনুমোদনের লক্ষ্যে সুনির্দিষ্ট ঘোষিকভাসহ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করবে।

**১১. পুরস্কার পরিকল্পনায় বিবেচ্য গুরুত্বপূর্ণ বিষয়াবলি :**

- (ক) নির্ধারিত ছকে মনোনয়নের ৩ কপি প্রণকৃত ফরম নির্ধারিত বাছাই কমিটির নিকট প্রেরণ করতে হবে এবং এর সফট কপি সরাসরি এবং চাহিদামতে নির্ধারিত ই-মেইলে প্রেরণ করতে হবে।
- (খ) মনোনয়ন পত্রে অসম্পূর্ণ তথ্য অথবা অস্পষ্ট বর্ণনা এবং নমুনা অনুযায়ী যথাযথ প্রমাণপত্র না থাকলে মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।
- (গ) এ পুরস্কার কার্যক্রমের সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- (ঘ) কোন শ্রেণিতে কাঞ্চিত মানসম্পন্ন কোন প্রস্তাব পাওয়া না গেলে সেক্ষেত্রে ঐ শ্রেণিতে পুরস্কার প্রদান এই বছরের জন্য স্থগিত থাকবে।

**১২. পদকপ্রাপ্ত কর্মকর্তারূপের টাইটেল :**

জাতীয় পর্যায়ে পদকপ্রাপ্ত ব্যক্তিগণ এবং পদকপ্রাপ্ত দলের অন্তর্ভুক্ত ব্যক্তিগণ Public Administration Awardee হিসেবে বিবেচিত হবেন এবং তাঁরা নামের শেষে PAA টাইটেল যুক্ত করতে পারবেন।

**১৩. অস্পষ্টতা দূরীকরণ :**

এ নীতিমালার কোন অনুচ্ছেদের বিষয়ে কোন অস্পষ্টতা কারো নিকট পরিলক্ষিত হলে এ বিষয়ে মতামতের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**  
সিনিয়র সচিব।

**সংযোজনী-ক****মনোনয়ন ছক**

১. যে শ্রেণিতে পুরস্কারের জন্য মনোনয়ন সুপারিশ করা হচ্ছে :  
 [ প্রযোজ্য শ্রেণিতে টিক (✓) চিহ্ন দিন ]  
  ১. সরকারের কর্মকর্তা/কর্মচারি—ব্যক্তিগত অবদান;
  ২. সরকারের কর্মকর্তা/কর্মচারিগণ—দলগত অবদান;
  ৩. প্রাতিষ্ঠানিক অবদান।
২. নিম্নলিখিত যে ক্ষেত্রে অবদানের জন্য মনোনয়ন প্রদান করা হচ্ছে :  
 [ প্রযোজ্য শ্রেণিতে টিক (✓) চিহ্ন দিন ]

**সাধারণ :**

- সাধারণ প্রশাসন ও ব্যবস্থাপনা
- পরিবেশ ও আর্থ-সামাজিক উন্নয়ন
- সংস্কার
- গবেষণা (সামাজিক)

**কারিগরি :**

- বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- গবেষণা (বিজ্ঞানভিত্তিক)

## ৩. মনোনীত ব্যক্তি/দল/প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য :

১. ব্যক্তি/দল/প্রতিষ্ঠানের নাম.....
২. যোগাযোগ :
৩. ফোন (দাঙ্গরিক)..... (আবাসিক)..... ফ্যাক্স নম্বর :.....  
মোবাইল.....ই-মেইল :.....প্রতিষ্ঠানের ওয়েবসাইট :.....

## ৪. মনোনয়ন প্রদানকারী প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য :

১. প্রতিষ্ঠান প্রধানের নাম :..... পদবী.....
২. প্রতিষ্ঠানের নাম :.....
৩. যোগাযোগের (পূর্ণাঙ্গ) ঠিকানা :.....
৪. ফোন :(দাঙ্গরিক).....(আবাসিক).....  
ফ্যাক্স নম্বর :..... মোবাইল:.....  
ই-মেইল :.....

৫. যে উদ্যোগ/প্রকল্প/ধারণার জন্য মনোনয়ন দেয়া হচ্ছে তার নাম :

৬. সুপারিশকৃত মনোনয়নের প্রকৃতি নীতিমালায় বর্ণিত যে বিষয়ের (নীতিমালার ৫ অনুচ্ছেদ) অন্তর্গত তার উল্লেখ করছেন :  
 ৭. সুপারিশকৃত মনোনয়ন নীতিমালায় (নীতিমালার ৪ ও ৫ অনুচ্ছেদ অনুযায়ী) বর্ণিত কোন্ কোন্ ইতিবাচক অবদান রাখছে তা উল্লেখ করছেন :

৮. অর্জিত সুফল পরিমাপের জন্য মনোনীত প্রকল্প/উদ্যোগের কোন স্বাধীন সংস্থা কর্তৃক অডিট/পরিমাপ/যাচাই হয়েছে কিনা?

১. হ্যাঁ
২. না

উভয় হ্যাঁ হলে অডিট রিপোর্টের মতব্য সংযুক্ত করছেন।

৩. অডিট/পরিমাপ/যাচাইকারী প্রতিষ্ঠানের যোগাযোগের ঠিকানা ও টেলিফোন নম্বর :

৯. বিবেচ্য উদ্যোগ/মনোনীত ব্যক্তি/দল/প্রতিষ্ঠান আন্তর্জাতিক কোন সংস্থা কর্তৃক পুরস্কৃত হয়েছে কিনা ?

\* হয়ে থাকলে অনুমোদন ১০০ শব্দের মধ্যে তার বিবরণ, স্বপক্ষে দাখিলকৃত কাগজপত্রাদি (অনধিক ৫ পৃষ্ঠা) সংযুক্ত করছেন।

১০. অনধিক ২৫০ শব্দের মধ্যে মনোনয়নের সপক্ষে নিম্নলিখিত বিষয় সম্বলিত একটি ধারণাপত্র সংযুক্ত করছেন :—

১. প্রেক্ষাপট ;
২. অগ্রাধিকার ও উদ্দেশ্যসমূহ;
৩. ব্যবহৃত সূজনশীল পদ্ধতিসমূহ;
৪. প্রকল্প শুরু/বাস্তবায়নের সময়কাল;
৫. প্রকল্প/উদ্যোগের ফলে সৃষ্টি প্রভাব/পরিবর্তন;
৬. অসাধারণ অর্জন (প্রতিটি চিহ্নিত প্রভাবকে ব্যাখ্যার জন্য ১৫০ শব্দের মধ্যে বিবরণ দিন);
৭. প্রকল্প/উদ্যোগ মনোনীত ব্যক্তি/দল/প্রতিষ্ঠানের ভূমিকা/ সম্পৃক্ততার ধরন; এবং
৮. টেকসই অবস্থা।

১১. অনধিক ১০০ শব্দের মধ্যে মনোনয়নের স্বপক্ষে একটি বিবরণ প্রদান করছেন।

মনোনয়ন প্রেরণকারী কর্মকর্তার স্বাক্ষর ও পদবি

## সংযোজনী-খ

## মূল্যায়ন ছক (প্রাতিষ্ঠানিক পুরস্কারের জন্য)

মূল্যায়ন নির্ণয়ক	সর্বোচ্চ ক্ষেত্র
সেবা উন্নয়ন কৌশল এবং লক্ষ্য	১০
<input type="checkbox"/> মনোনীত প্রতিষ্ঠানের লক্ষ্য ও সেবা উন্নয়নের কৌশল।	
<input type="checkbox"/> প্রতিষ্ঠানের লক্ষ্য এবং সেবা উন্নয়নের কৌশল প্রণয়নের ক্ষেত্রে ভোকার মতামত বিশ্লেষণ ও গ্রহণ।	
সেবা উন্নয়নে গৃহীত উদ্দেশ্য এবং তার ফলাফল	৫০
<input type="checkbox"/> সর্বশেষ প্রতিষ্ঠানের সেবা উন্নয়নে গৃহীত উদ্দেশ্যগুলোর পরিকল্পনা ও বাস্তবায়ন।	
<input type="checkbox"/> সেবা উন্নয়নে অর্জিত লক্ষ্য।	
<input type="checkbox"/> ভোকা/জনগণের উন্নয়নের প্রমাণাদি।	
<input type="checkbox"/> বিনিয়োগের বিপরীতে প্রাপ্তি (গুণগত এবং পরিমাণগত অর্জনের প্রমাণাদি/দলিলাদিসহ)	
সেবা প্রদানের মানসিকতার উন্নয়ন	২০
<input type="checkbox"/> সেবা প্রদানের মানসিকতার উন্নয়নের লক্ষ্য কর্মকর্তা/কর্মচারি/সেবা প্রদানকারীদের পরামর্শ প্রদানের উদ্দেশ্যে প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত প্রচেষ্টা।	
<input type="checkbox"/> বিভিন্ন সেবা উদ্দেশ্য বাস্তবায়নে কর্মচারিদের সম্পৃক্ততা এবং দলগত উদ্দীপনা বৃদ্ধির লক্ষ্য গৃহীত পদক্ষেপ এবং জনপ্রশাসনে এর ইতিবাচক প্রভাব।	
সরকারের ভাবমূর্তি উন্নয়ন	২০
<input type="checkbox"/> প্রতিষ্ঠানের উন্নত নতুন সেবা সম্পর্কে জনগণ ও প্রচার মাধ্যমের কাছে ইতিবাচক ধারণা সৃষ্টিতে গৃহীত শিক্ষামূলক/প্রচারণামূলক পদক্ষেপ।	
<input type="checkbox"/> সরকারের ভাবমূর্তি উন্নয়নে মনোনীত প্রতিষ্ঠানের ভূমিকা।	

## সংযোজনী-গ

## মূল্যায়ন ছক (ব্যক্তিগত ও দলগত পুরস্কারের জন্য)

মূল্যায়ন নির্ণয়ক	সর্বোচ্চ ক্ষেত্র
কৌশল এবং উদ্দেশ্য	১৫
<input type="checkbox"/> মনোনীত ব্যক্তির প্রতিষ্ঠান ও সামগ্রিকভাবে সরকারের মিশন এবং ভিশনের সাথে উত্তীর্ণ বিষয়/ সেবার সামঞ্জস্যপূর্ণতা।	
<input type="checkbox"/> মনোনীত ব্যক্তির কর্মরত প্রতিষ্ঠানের, সামগ্রিকভাবে সরকারের সেবা কৌশল ও উদ্দেশ্যের সাথে তার উত্তীর্ণ বিষয়/সেবার সামঞ্জস্যপূর্ণতা।	
<input type="checkbox"/> নতুন উত্তীর্ণ বিষয়/সেবার সুনির্দিষ্ট পরিমাপ যোগ্যতা এবং অর্জনযোগ্যতা।	
সেবার কাঠামো	৩০
দক্ষ ব্যবহার বান্ধব এবং কার্যকরী সেবা	
<input type="checkbox"/> জনসেবার দক্ষতা, ব্যবহার বান্ধবতা এবং কার্যকারিতা নিশ্চিতকরণে উত্তীর্ণ বিষয়/ সেবার ভূমিকা।	
<input type="checkbox"/> সেবা পরিকল্পনায় সেবা গ্রহণকারী এবং সেবা প্রদানে সংযুক্তদের মতামত বিশ্লেষণ এবং বিবেচনা।	
<input type="checkbox"/> প্রস্তবিত উত্তীর্ণ বিষয়/সেবার আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা মানসম্পন্নতা।	
স্জংশোলিতা	
<input type="checkbox"/> প্রস্তবিত উত্তীর্ণ বিষয়/সেবার স্জংশোলিতা।	
<input type="checkbox"/> সেবা পরিকল্পনায় গৃহীত স্জংশোলিতা।	
<input type="checkbox"/> প্রস্তবিত উত্তীর্ণ বিষয়/সেবার মাধ্যমে সেবা গ্রহণকারীর সর্বোচ্চ কল্যাণ নিশ্চিতকরণ।	
ব্যয়ের যথার্থতা	
<input type="checkbox"/> সম্পদের কার্যকরী ব্যবহারের মাধ্যমে প্রস্তবিত সেবা প্রদানে ব্যয়ের যথার্থতা নিশ্চিতকরণ।	
সেবার বাস্তবায়ন	৩০
প্রতিবন্ধকতা	
<input type="checkbox"/> সেবা প্রদানে অনুমিত জটিলতা/প্রতিবন্ধকতা মোকাবেলা ও প্রতিকারের সামর্থ্য	
শিক্ষা এবং প্রচারণা	
<input type="checkbox"/> নতুন প্রথা/সেবার কার্যকর ব্যবহার নিশ্চিতকরণ এবং উপকারভোগীর ধ্যানধারণা বৃদ্ধির জন্য গৃহীত পরিবীক্ষণ পদ্ধতি।	
নিরবচ্ছিন্ন উন্নয়ন	
<input type="checkbox"/> নিরবচ্ছিন্ন উন্নয়নের লক্ষ্যে সেবা প্রদানকারী/কর্মচারিগণের এবং ভোকার মতামত বিশ্লেষণ ও অগ্রায়নে গৃহীত পরিবীক্ষণ পদ্ধতি।	
দলগত কার্যক্রম	
<input type="checkbox"/> সেবা প্রদানে দলগত কার্যক্রমের ভূমিকা।	
ফলাফল	২৫
<input type="checkbox"/> নতুন প্রথা/সেবা তার লক্ষ্য অর্জন করতে পেরেছে কিনা? মনোনয়নপ্রাপ্ত ব্যক্তির কর্মসূল, ভোকা এবং জনগণের নিকট নতুন প্রথা/সেবার উপযোগিতা (পরিমাপযোগ্য)।	
<input type="checkbox"/> ভোকার মতামত জরিপের মাধ্যমে অথবা অন্য কোন উপায়ে সেবা গ্রহীতার সন্তুষ্টি যাচাই।	
<input type="checkbox"/> বিনিয়োগের বিপরীতে প্রাপ্তি (গুণগত এবং পরিমাণগত অর্জনের প্রমাণাদিসহ/দলিলাদিসহ)	

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**

বন শাখা-৩

**শোকবার্তা**

তারিখ, ২৩ মাঘ ১৪২১/০৫ ফেব্রুয়ারি ২০১৫

**নং ২২.০০.০০০০.০৬৮.৯৯.০৬.২০০৫-১৫৩**—অতীব দুঃখের সহিত জনানো যাচ্ছে যে, বন অধিদপ্তরের জনাব মোঃ আবুল বাশার মিয়া, উপ-বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা গত ২৩-৫-২০১৪ তারিখে ঢাকাস্থ এ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন (ইন্ডিলিঙ্গাহি.....রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৮ বছর। তিনি স্ত্রী, ২ পুত্র ও ৩ কন্যা সন্তান রেখে গিয়েছেন।

মরণুম্ভ মোঃ আবুল বাশার মিয়া, উপ-বন সংরক্ষক ফরিদপুর জেলার নগরকান্দা উপজেলার পোড়াদিয়া বালিয়া গ্রামের এক সন্ত্রাস্ত মুসলিম পরিবারে ০৮-৪-১৯৫৬ তারিখে জন্মগ্রহণ করেন। তিনি ২১-১-১৯৮৬ তারিখে বি. সি. এস (বন) ক্যাডারে সহকারী বন সংরক্ষক পদে চাকরিতে যোগদান করেন এবং ২৫-১-২০০১ তারিখে উপ-বন সংরক্ষক পদে পদোন্নতি লাভ করেন।

তিনি কর্মজীবনে বন অধিদপ্তরের বিভিন্ন বন বিভাগে বিভাগীয় বন কর্মকর্তা ও প্রকল্প পরিচালক এর গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন এবং সর্বশেষ বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট ও মাধবকুড় ইকোপার্ক প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব সফলভাবে সাথে পালন করেছেন। তিনি ১৯৭১ সালে মহান স্বাধীনতা যুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন। তিনি একজন বীর মুক্তিযোদ্ধা ছিলেন। স্বাধীনতা যুদ্ধে তার অবদান স্মরণীয় হয়ে থাকবে।

উক্ত কর্মকর্তার মৃত্যুতে পরিবেশ ও বন মন্ত্রণালয়সহ বন অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী গভীরভাবে শোকাহত। তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি এবং শোক সন্তুষ্ট পরিবার বর্ণের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।

**ড. কামাল উদ্দিন আহমেদ  
ভারপ্রাপ্ত সচিব।**

**যুব ও কৌড়া মন্ত্রণালয়**

যুব-১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ মাঘ ১৪২১/০৫ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৩৪.০৫১.০০৮.০০১.০০.২২.২০১৫-৭৮**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি শাখার No. ED(REG-IV)-57/83-40, Dated 12-5-83 অনুযায়ী জনাব “অশিত কুমার সূত্রধর” নাম পরিবর্তনপূর্বক “অশিত রায়” করা হলো।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোর্শেদা আক্তার  
সিনিয়র সহকারী সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

শাখা-১১

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৬ ফেব্রুয়ারি ২০১৫

**নং আঃ কোঃ কঃ-৬/২০১০/৭৮**—মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নম্বর-৬৬৭৭/২০০১, ২৫১/২০০২ এবং আপীল মামলা নং-১০৩৯-১০৪০/২০০৭, আপীল মামলা নং-১২১৬/২০০৭, রিভিউ পিটিশন নং-১২/২০০৯, ১৩/২০০৯ ও ০১/২০১১ কন্টেন্সট মামলা নং-৭৮/২০১০ এর ০৯-১২-২০১৪খ্রিঃ তারিখের রায় বাস্তবায়নার্থে ২৩শে সেপ্টেম্বর ১৯৮৬খ্রিঃ তারিখে বাংলাদেশ গেজেট সংখ্যা নম্বর-৯৭৬২ (৩৮) ক্রমিক নম্বর-৮৩০-এ-প্রকাশিত পরিত্যক্ত সম্পত্তির “ক” তালিকা থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সরকার বাড়িটি অবমুক্ত করলেনঃ

**“বাড়ি নম্বর-১এফ/৫-১৯ মিরপুর, ঢাকা”।**

২। এ অবমুক্তির পূর্ব পর্যন্ত বাড়িটি পরিত্যক্ত সম্পত্তির তালিকায় অন্তর্ভুক্ত থাকাকালীন সময়ে সরকারের নিকট কোন প্রকার ক্ষতিপূরণ দাবি করা যাবে না।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জালাল উদ্দিন  
সহকারী সচিব।